গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজীরোড, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd

PDBF

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-২৩(পার্ট-১)-১১৩ তারিখ: ২৩ পৌষ, ১৪৩২ ব: / ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রি.

**বিজ্ঞপ্তি**

**বিষয়: জাল (Fake) আইডির সাথে সংযুক্ত থাকার বিষয়ে সতর্ককরণ।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিডিবিএফ কর্তৃপক্ষের আইনানুগ কোন কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সামাজিক যোগাযোগের মাধ্যমে ফেক আইডি খুলে পিডিবিএফ-এর বিভিন্ন সহকর্মীর বিরুদ্ধে ব্যক্তিগত চরিত্র, ব্যঙ্গ বিদ্রুপ করে অস্থিরতা সৃষ্টির প্রয়াস চালানো হচ্ছে। এ বিষয়ে বিগত ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে একটি বিজ্ঞপ্তি জারি করে বিষয়টি চাকরি শৃংখলা পরিপন্থি এবং কর্মচারীর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে মর্মে সতর্ক করা হয়েছে। এই সকল জাল (Fake) আইডির বিরুদ্ধে সাইবার ক্রাইম ট্রাইবুনাল-এ আনুষ্ঠানিক অভিযোগ দায়ের প্রক্রিয়াধীন।

০২। এই জাল (Fake) আইডিসমূহের সাথে (Friend List) যে সকল পিডিবিএফ-এর কর্মকর্তা/কর্মচারী তাদের ব্যক্তিগত ফেসবুক একাউন্ট দিয়ে যুক্ত আছেন নিশ্চিতভাবে ধরে নেয়া যায় তারা এই আইডির আড়ালের ব্যক্তির সাথে ব্যক্তিগতভাবে পরিচিত। তাদের আইডি-এর সাথে যুক্ত থাকার স্ক্রীন শর্ট প্রতিষ্ঠান সংরক্ষণ করছে। এ বিষয়ে যথাশীঘ্রই সাইবার ক্রাইম ট্রাইবুনাল-এ তাদের নামসহ অভিযোগ দায়ের করা হবে অথবা তাদেরকে প্রতিষ্ঠান থেকে জাল (Fake) আইডি-এর ব্যক্তির সাথে কেন বা কিভাবে যুক্ত আছেন সে বিষয়ে ব্যাখ্যা তলব করা হবে। পিডিবিএফ-এর কোন কর্মী এই অপপ্রচারকারী জাল (Fake) আইডির সাথে যুক্ত থাকলে অবিলম্বে বিযুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তিনি তাকে চেনেন না এই যুক্তি কোনভাবে গ্রহণযোগ্য হবে না।

০৩। পিডিবিএফ-এর যে কোন সিদ্ধান্ত কর্মীদের বৃহত্তর কল্যাণে ও জনস্বার্থে গ্রহণ করা হয়ে থাকে। ইতোমধ্যে ১৬৬৫ জন কর্মকর্তা/কর্মচারী-কে নিয়োগ প্রদান করে পিডিবিএফ-এর ইতিহাসে বৃহৎ কার্য সম্পন্ন করা হয়েছে এবং মোট পদোন্নতিযোগ্য ১৭২৪ জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ১০৫২ (৬১%) জন-কে পদোন্নতি প্রদান করে পিডিবিএফ-কে আরও গতিশীল করা হয়েছে। সকলের যৌক্তিক অধিকার সংরক্ষণে পিডিবিএফ সর্বদা সচেষ্ট রয়েছে।

০৪। কোন বিষয়ে অধিকতর প্রতিকার পাওয়ার ক্ষেত্রে সংক্ষুব্ধ ব্যক্তি তিনি বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে প্রচলিত জিআরএস (GRS) সিষ্টেমের মাধ্যমে প্রতিকার চাইতে পারেন। যৌক্তিক প্রতিকার প্রদানে পিডিবিএফ অঙ্গীকারাবদ্ধ। এই ক্ষেত্রে দাপ্তরিক বিধিপদ্ধতি এড়িয়ে ও উপেক্ষা করে প্রতিষ্ঠানের বিশৃঙ্খলা সৃষ্টি, কর্মীদের মধ্যে উত্তেজনা তৈরী পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা ৫/২০২৩-এর প্রবিধান ৫৬-এর (ছ), (জ), (ঞ) ও (ট) ধারার পরিপন্থি।

বর্ণিত অবস্থায় এ বিজ্ঞপ্তির মূল বক্তব্য অনুধাবন করে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

**কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।**

০৭/১/২০২৬
**(সালেহীন তানভীর গাজী)**
পরিচালক
প্রশাসন বিভাগ

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১. পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. অতিরিক্ত পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. যুগ্ম পরিচালক (সকল),পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপপরিচালক (সকল) পিডিবিএফ, ................অঞ্চল।
০৫. উপপরিচালক, পিডিবিএফ-এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প-২য় পর্যায়, .............. অঞ্চল।
০৬. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. সিনিয়র/উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা/, ...........কার্যালয়, পিডিবিএফ, .............অঞ্চল।
০৮. সহকারী প্রকল্প পরিচালক, পিডিবিএফ-এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প-২য় পর্যায়, .........কার্যালয়, ......... অঞ্চল।
০৯. নথি রক্ষক, মানবসম্পদ ব্যবস্থাপনা শাখা, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।